দৈনিক খবর

তারিখ 18 NOV 1991
পৃষ্ঠা ৪ কলাম ৬

# বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরুর দাবীতে শিক্ষা সংগ্রাম পরিষদের সমাবেশ

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরুর দাবীতে শিক্ষা সংগ্রাম পরিষদ গত শনিবার, জাতীয় প্রেসক্লাবের সামনে এক ছাত্র জমায়েতের আয়োজন করে। ছাত্র জমায়েতে বক্তৃতা করেন সামছুল আলম লিটন, ইশারফ হোসেন ও রুহুল কুদ্দুস।

তারা অবিলম্বে বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু করে শিক্ষা জীবনের অনিশ্চয়তা দূর করার আহবান জানান।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে একটি মিছিলের পর তারা এ জমায়েত করেন। এর আগে অপরাজেয় বাংলার পাদদেশে একটি সংক্ষিপ্ত সমাবেশে নেতৃবৃন্দ বক্তৃতা করেন।

সমাবেশে পরবর্তী কর্মসূচী হিসেবে আগামী ১৮ই নভেম্বর ১১টায় উপাচার্যের নিকট স্মারকলিপি পেশ ও ১৯ তারিখ সাংবাদিক সম্মেলনের কথা ঘোষণা করা হয়।